



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৭৯১০

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

পিংগলিয়া সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর : কাশিয়ানী, উপজেলা : কাশিয়ানী, জেলা : গোপালগঞ্জ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৯.০৩.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো -

শর্তসমূহ :

- ১) শ্রেণিকক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে পাঠদান উপযোগী পরিবেশ তৈরী এবং শ্রেণিকক্ষগুলো সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ২) ইবতেদায়ীসহ প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং পরীক্ষার ফলাফল আরো ভাল করতে হবে।
- ৩) আরবিতে শিক্ষার্থীরা খুবই দুর্বল। আরবি ভাষাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৪) ছাত্রীদের জন্য পৃথক কমনরুম, টয়লেট এবং আলাদা নামাজ রুমের ব্যবস্থা করতে হবে।
- ৫) প্রতিষ্ঠানের সকল আয় ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে এবং হিসাব রক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
- ৬) আইসিটি বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের দুর্বলতা থাকায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৭) শিক্ষকদের শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৮) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ৯) লাইব্রেরীতে বইয়ের সংখ্যা আরো বৃদ্ধি, নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ১০) প্রত্যেক শিক্ষার্থীকে পাঠ্যসূচীর পাশাপাশি নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।
- ১১) অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য নির্ধারিত ফরমে মাদরাসা পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

 ০২.০১.২০২০

(ড. জাবেদ আহমাদ)  
সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ


পিংগলিয়া সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা,  
ডাকঘর : কাশিয়ানী, উপজেলা : কাশিয়ানী, জেলা : গোপালগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৭৯১০

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, পিংগলিয়া সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর : কাশিয়ানী, উপজেলা : কাশিয়ানী, জেলা : গোপালগঞ্জ।
- ৭। অফিস নথি।

 ০২.০১.২০২০

শিরিনা আক্তার  
সেকশন অফিসার  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং- ঢাকা-১৭৯